

advertisement

ব্রিটিশ কাউন্সিল অ্যাওয়ার্ড পেল ১৬৮ স্কুল

নিজস্ব প্রতিবেদক

৭ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৭ নভেম্বর ২০১৯ ০১:২৫



ব্রিটিশ কাউন্সিল
আমাদের ময়ৃ

ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের কানেক্টিং ক্লাসরুমের অধীনে ইন্টারন্যাশনাল স্কুল অ্যাওয়ার্ড (আইএসএ) পেয়েছে দেশের ১৬৮টি শিক্ষা প্রতিষ্ঠান। গতকাল রাজধানীর একটি হোটেলে এক অনুষ্ঠানে এ পুরস্কার দেওয়া হয়। মানসম্মত শিক্ষা প্রদান ও শিক্ষার্থীবান্দব বিভিন্ন কর্মসূচি নেওয়ায় প্রতিষ্ঠানগুলো এ সম্মাননা অর্জন করেছে।

অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেন, ব্রিটিশ কাউন্সিলের এ প্রোগ্রামটি শিক্ষক এবং শিক্ষার্থীদের বিভিন্ন দেশের সংস্কৃতি, শিক্ষাব্যবস্থাসহ নানা বিষয়ে জানতে সাহায্য করে। নিরাপদ এবং অন্তর্ভুক্তিমূলক পৃথিবী তৈরিতে ভবিষ্যৎ প্রজন্মের জন্য এটি গুরুত্বপূর্ণ।

ডেপুটি ব্রিটিশ হাইকমিশনার কানবার হসেন বর বলেন, তরুণদের দক্ষতা এবং আন্তঃসাংস্কৃতিক যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে শিক্ষার্থীদের গ্লোবাল সিটিজেন হিসেবে তৈরি হতে সহায়তা করবে প্রোগ্রামটি।

এ ছাড়া অনুষ্ঠানে উপস্থিতি ছিলেন জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম) মহাপরিচালক অধ্যাপক আহমেদ সাজাদ রশিদ, ব্রিটিশ কাউন্সিলের রিজিওনাল ডিরেক্টর (দক্ষিণ এশিয়া) অ্যাড্রিয়ান চ্যাডউইক, কান্ট্রি ডিরেক্টর টম মিশসা, ডিরেক্টর (এডুকেশন) ডেভিড মেনার্ড এবং হেড

অব স্কুলস মোশাররফ তানসেন।

উল্লেখ্য, শিক্ষার্থীদের মধ্যে জ্ঞান, দক্ষতা ও মূল্যবোধ এবং শিক্ষকদের পেশাগত দক্ষতা বাড়াতে ২০১২ সাল থেকে ব্রিটিশ কাউন্সিল এ অ্যাওয়ার্ড প্রদান করছে।
এখন পর্যন্ত দেশের পাঁচ হাজারেরও বেশি স্কুল এ প্রোগ্রামের সঙ্গে যুক্ত হয়েছে।

advertisement